



# জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর  
গাজীপুর


স্মারক নং- (০-৫)/জাতীয়বিঃ/পনি/অফিস আদেশ/২০১২/০৩/২৭৭

তারিখঃ ২৩/০৩/২০২১

## অন-লাইনে বিভিন্ন সেবা গ্রহণ সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

কোভিড-১৯ পরিস্থিতির অবনতির কারণে সংশ্লিষ্ট সকলকে বিশ্ববিদ্যালয়ে উপস্থিত হয়ে সেবা গ্রহণের আবেদন থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ে এসে সরাসরি কোন আবেদন করা যাবে না। অন-লাইনে আবেদন করার পর সেবা সম্পন্ন হওয়ার এস.এম.এস অথবা **Student Login** লগ ইন থেকে সেবা সম্পন্ন হওয়া সংক্রান্ত তথ্য নিশ্চিত হলে বিশ্ববিদ্যালয়ের অন-স্টপ সার্ভিস সেন্টার থেকে সেবা গ্রহণ করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, আবেদন করার বা জমা দেবার জন্য বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, গাজীপুরে আসার প্রয়োজন নাই। কোন ভাবেই হাতে হাতে আবেদন গ্রহণ হবে না এবং জমা দেবারও প্রয়োজন নেই। জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সংক্রান্ত সকল সেবা এখন অন-লাইনে প্রদান করা হচ্ছে। অন-লাইনে সেবা গ্রহণের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ে ওয়েবসাইট ([www.nu.ac.bd](http://www.nu.ac.bd)) ভিজিট করা জন্য অনুরোধ জানাচ্ছি। ওয়েব সাইটের **Service** মেনুর **Student Login** লিংক থেকে বিভিন্ন সেবার আবেদন করা যায়। এছাড়া সনদ যাচাই, সত্যয়ন, **WES/ICAS/IQAS Request Form** পূরণ, বিভিন্ন এজেন্সি অথবা বিদেশী বিশ্ববিদ্যালয়ের **Request Form** পূরণ ও সিল খামের আবেদনের জন্য ওয়েব সাইটের **Service** মেনুর **Verification Service/Certificate/ Marksheet/WES etc** লিংক থেকে অন-লাইনে আবেদন করা যায়। অন-লাইনে সফলভাবে আবেদন শেষ করলে সংশ্লিষ্ট সেবার ফি বাবদ একটি পে-স্লিপ জেনারেট হবে। পে-স্লিপের প্রিন্ট আউট নিয়ে সোনালী ব্যাংকের যেকোন শাখায় ফি জমা দিলে আপনার আবেদন প্রক্রিয়া শেষ হবে এবং আপনি আপনার মোবাইলে ফি জমা বিষয়ে একটি **Confirmation** এসএমএস পাবেন। এখানে বিশেষ ভাবে লক্ষ্য রাখতে হবে যে, আপনি যে সেবাটি নিতে চান তা সার্ভিস মেনু থেকে সঠিকভাবে নির্বাচন করেছেন এবং প্রয়োজনীয় সকল সংলগ্নী সংযুক্ত করেছেন কি না? আবেদন যথাযথ না হলে এবং সকল **Attachment** যথাযথভাবে সংযুক্ত না করলে আবেদনটি ফেরৎ (**Send Back**) যাবে এবং আপনি অযথা জটিলতার এবং দীর্ঘ সূত্রতার স্বীকার হবেন। মনে রাখতে হবে শিক্ষার্থীদের সুবিধার্থে অন-লাইনে আবেদন কার্যক্রম চালু করা হয়েছে। দেশের বা বিশ্বের যেকোন প্রান্ত থেকে অন-লাইনে আবেদন করা যায়। আবেদন করার পর আবেদনের অগ্রগতি আবেদনকারী তার ইউজার আইডি এবং পাসওয়ার্ড দিয়ে লগ-ইন করে দেখতে পারবে। আবেদনকারীর সেবা প্রস্তুত হলে তার লগ-ইনে জানানো হবে। আবেদনকারী নিজে বা তার প্রতিনিধির মাধ্যমে পে-স্লিপ এর মূল কপি, মূল আবেদন, মূল প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড, নম্বরপত্র, সনদপত্রসহ যাবতীয় মূল কাগজপত্র সহ বিশ্ববিদ্যালয়ে উপস্থিত হয়ে অন-স্টপ সার্ভিস সেন্টার থেকে সেবা গ্রহণ করবেন। আবেদন করার জন্য বা আবেদনের হার্ডকপি জমা দেবার জন্য বিশ্ববিদ্যালয়ে আসার কোন প্রয়োজন নাই। সার্ভিস গ্রহণে কোনো সমস্যার সম্মুখীন হলে কর্তৃপক্ষের সাথে সরাসরি যোগাযোগ করুন। কারো প্ররোচনায় কোনো ধরনের লেনদেন না করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। কোভিড-১৯ কালীন সময়ে স্বাস্থ্যবিধি মেনে অন-লাইনে সেবা গ্রহণের জন্য সকলকে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,



(বিদকাজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফোন: ০২-৯২৯১০১৭

ই-মেইল: [controller@nu.ac.bd](mailto:controller@nu.ac.bd)